

টোকিও ২৫ মার্চ ২০২৪;

## টোকিওতে যথাযথ মর্যাদা ও বিনম্র শ্রদ্ধায় গণহত্যা দিবস পালিত

জাপানের টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস আজ (২৫ মার্চ ২০২৪, সোমবার) যথাযথ ভাবগান্ধীর সাথে 'গণহত্যা দিবস' পালন করেছে। দিবসটি উপলক্ষ্যে দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে দিবসের কার্যক্রম শুরু হয় কালো ব্যাজ ধারণ ও মুক্তিযুদ্ধে সকল শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে।

পরে জাতির পিতা ও তাঁর পরিবারের শহিদ সদস্য, মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের আত্মার শান্তি ও মাগফিরাত কামনা এবং দেশ ও জাতির কল্যাণে বিশেষ মোনাজাত করা হয়।

এছাড়া দিবসটি স্মরণে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী প্রদত্ত বানী পাঠ করা হয়।

রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ তার বক্তব্যে স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান ও ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মমভাবে নিহত বঙ্গবন্ধু পরিবারের সকল সদস্য এবং বীর মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ শুধু বাংলাদেশের নয়, বিশ্বমানবতার ইতিহাসেও একটি কালো অধ্যায়। বাঙালি জাতিকে পৃথিবী থেকে নিশ্চিহ্ন করার অভিপ্রায়ে পাকিস্তানি বর্বর হানাদার বাহিনী সেদিন যে পৈশাচিক নির্যাতন চালিয়েছিল তা বিশ্বের ইতিহাসে বিরল। রাষ্ট্রদূত আশা প্রকাশ করেন, গণহত্যা দিবস পালনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি প্রতিরোধ এবং সর্বোপরি প্রজন্ম থেকে প্রজন্মান্তরে নারকীয় ও বর্বরোচিত এই হত্যাযজ্ঞ সম্পর্কে অবহিত করে গণহত্যাকারী ও তার দোসরদের প্রকৃত পরিচয় তুলে ধরা সম্ভব হবে।

উন্মুক্ত আলোচনা পর্বে আলোচকরা গণহত্যা দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য বিশদভাবে তুলে ধরেন।

পরে গণহত্যা দিবসের উপর নির্মিত একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।